


কালের কণ্ঠ

আপডেট : ১১ মে, ২০১৭ ১৯:২৪

'দুই লাখ বিদেশি বাংলাদেশ থেকে ৫০০ কোটি ডলার নিয়ে যায়'



স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) নির্বাহী প্রকল্প পরিচালক আবদুর রউফ তালুকদার মনে করেন, দেশেই দক্ষ মানবসম্পদ তৈরি করতে পারলে এই বিপুল অর্থ ধরে রাখা সম্ভব হবে। বৃহস্পতিবার (১১ মে) সকালে রাজধানীর গুত্রাবাদে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এক অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন। বাংলাদেশে প্রায় ২ লাখ বিদেশি কাজ করেন। এখান থেকে তারা বছরে ৫০০ কোটি ডলার নিয়ে যায়।

এসইআইপি'র নির্বাহী প্রকল্প পরিচালক আরও জানান, বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের প্রায় ৭০ লাখ মানুষ কাজ করছে। তারা বছরে প্রায় দেড়শ কোটি মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা পাঠাচ্ছেন।

অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জাবেদ আহমেদ বলেন, 'শ্রমবাজার সম্প্রসারণে দেশের ইতিবাচক ব্র্যান্ডিং করতে হবে। আগের তুলনায় অনেক বেশি দক্ষ কর্মী তৈরি করতে সক্ষম হয়েছি আমরা। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে দক্ষ ও প্রশিক্ষিত কর্মীর কোনও বিকল্প নেই।'

একই মত প্রকাশ করে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান বলেন, 'বাংলাদেশেও দক্ষ কর্মী আছে, আমাদের এখন এই ব্র্যান্ডিং করতে হবে। প্রাইভেট পার্টনার প্রজেক্টের (পিপিপি) সঠিক প্রয়োগ ছাড়া দেশের কাঙ্ক্ষিত অর্থনৈতিক উন্নতি কখনও সম্ভব নয়।'